

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
উন্নয়ন-৩ অধিশাখা
www.shed.gov.bd

সংখ্যা- ৩৭.০৭.০০০০.০৮৩.১১.০০৪.১৫-৪৫৭

তারিখ: ০৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১১৪.১৬-২২, তারিখ : ১১.০১.২০১৭ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে, পুলিশ কর্তৃক প্রাক চাকুরি বৃত্তান্ত যাচাই প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে সংশ্লিষ্ট প্রার্থী বর্ণিত চাকুরীর জন্য যোগ্য মর্মে তথ্য প্রদান করায় এবং কোন বিরূপ মন্তব্য না থাকায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এ ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদি নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীকে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলীর (বিদ্যুৎ) শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁর নামের পার্শ্বে উল্লিখিত নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে পদায়ন করা হলো :

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা/স্বামী মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১.	নুর আলম পিতা- জালাল উদ্দীন মাতা- নুরজাহান বেগম গ্রাম- মহারাজপুর, ডাকঘর-রাণীগঞ্জ, উপজেলা-কোতয়ালী, জেলা-দিনাজপুর।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুষ্টিয়া জোন।

২। শর্তাবলী :

- নিজে বা পরিবারের অন্য সদস্যের জন্য তিনি কোন যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না মর্মে যোগদান পত্রের সাথে ঘোষণা দিতে হবে;
- তিনি বিদেশী কোন নাগরিককে বিয়ে করে থাকলে অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারবদ্ধ হলে থাকলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- তিনি কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) গ্রহণ করতে হবে।
- তাঁর যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিস হিসেবে গণ্য করা হবে। শিক্ষানবিস কাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হলে তাঁকে চাকুরিতে স্থায়ী করা হবে এবং শিক্ষানবিস কালে তাঁর কাজকর্ম ও আচরণ সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরিচ্যুত (Terminate) করা হবে।
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এ রূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সরকারের প্রচলিত বিধি বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে; এবং এ চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

৩। উপরোল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ/১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ তারিখে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট জোনের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী বরাবরে যোগদান করতে হবে অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ জহিরুল ইসলাম)
উপ-সচিব (উন্নয়ন-৩)
☎ ৯৫৬১৪৪১


E-mail : ds_dev3@moedu.gov.bd

চলমান পাতা-২

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারি শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান কার্যালয়, ঢাকা/খুলনা।
- ১২। নির্বাহী প্রকৌশলী, কুষ্টিয়া জোন।
- ১৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুষ্টিয়া জেলা।
- ১৪। জনাব -----

১৫। অফিস কপি।


(মোঃ জাহিরুল ইসলাম)
উপ-সচিব (উন্নয়ন-৩)